



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/5/2023

গভর্নর ক্যাথি হোকল

আর্থাইটিস সম্পর্কে সচেতনতার মাসের প্রতি সম্মানস্বরূপ নিউ ইয়র্ক স্টেটের বিখ্যাত স্থানগুলো সবুজ আলোয় আলোকিত করা হবে বলে গভর্নর হোকলের ঘোষণা

6 মে তারিখে স্টেটের 13টি বিখ্যাত স্থান সবুজ আলোয় আলোকিত করা হবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে আর্থাইটিস সম্পর্কে সচেতনতার মাসের স্বীকৃতিস্বরূপ 6 মে তারিখে নিউ ইয়র্ক জুড়ে স্টেটের বিখ্যাত স্থান এবং সেতুগুলো সবুজ আলোয় আলোকিত করা হবে।

"কয়েক মিলিয়ন নিউ ইয়র্কবাসী প্রতিদিন আর্থাইটিসের কারণে ভোগান্তির শিকার হচ্ছেন, এবং আর্থাইটিস জয় করা শুরু হয় উপসর্গগুলো বুঝতে পারা এবং কোন সাহায্য লভ্য রয়েছে তা জানার মধ্য দিয়ে," বলেছেন গভর্নর হোকল। "আজ রাতে আর্থাইটিস সম্পর্কে সচেতনতার মাসের সম্মানে আমাদের স্টেটের বিখ্যাত স্থানগুলো আলোকিত করার এই সময়ে, এই দুর্বলতা সৃষ্টিকারী রোগের কারণে যারা ভোগান্তির সম্মুখীন হচ্ছেন তাদের জন্য চিকিৎসার কোনো অপশনগুলো লভ্য রয়েছে সে সম্পর্কে শিক্ষা অর্জন করা গুরুত্বপূর্ণ। আমি সব নিউ ইয়র্কবাসীদের প্রতি - বয়স নির্বিশেষে - আর্থাইটিসের উপসর্গসমূহ সম্পর্কে জানার জন্য এবং প্রয়োজন অনুযায়ী সেবার অ্যাক্সেস খুঁজে নেওয়ার জন্য সর্নির্বন্ধ অনুরোধ জানাচ্ছি।"

নিম্নোক্ত 13টি বিখ্যাত স্থান ও সেতু সবুজ আলোয় আলোকিত করা হবে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট অ্যান্ড এক্সপো সেন্টার
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে

- ইরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ
- ময়নিহান ট্রেন হল

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত কমিশনার ড. জেমস ম্যাকডোনাল্ড বলেন, "আর্থ্রাইটিস এই দেশে অক্ষমতার সবচেয়ে কমন কারণ, যেটি মেডিকেল খরচ বাবদ কয়েক বিলিয়ন ডলার ব্যয় হওয়া এবং এই রোগে আক্রান্তদের প্রচণ্ড ব্যথায় ভুগতে থাকার জন্য দায়ী। অধ্যয়নে দেখা গেছে যে সামাজিক, অর্থনৈতিক, ও পরিবেশগত অসমতা আর্থ্রাইটিসের কারণে প্রতিকূল স্বাস্থ্যগত ফলাফলের দিকে নিয়ে যেতে পারে, আর একারণেই সব নিউ ইয়র্কবাসীর জন্য কার্যকর, সমতাপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক রোগ ব্যবস্থাপনার কৌশলের অ্যাক্সেস নিশ্চিত করার ক্ষেত্রে গভর্নর হোকলের অব্যাহত নেতৃত্বের জন্য আমি কৃতজ্ঞ।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418